তারিখ ·19· FEB· 2016 ······
পৃষ্ঠা ··· 2 ··· কলাম···· 2 ······

সংবাদ

# মুনাফালোভী বেসরকারি বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হচ্ছে : শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় কেবল মুনাফার লোভে শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে অভিযোগ করে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'তাদের জন্য কোন সুখবর নেই। এসবু বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হচ্ছে। যারা শিক্ষাকে ব্যবসায় পরিণত করেছে এবং একাধিক ক্যাম্পাস পরিচালনা করছে, তাদেরও সময় বেঁধে দেয়া হয়েছে। আইন না মানলে তাদের কার্যক্রম বন্ধ করে দেয়া হবে।'

মন্ত্রী গতকাল ঢাকায় গ্রিন ইউনিভার্সিটি অফ বাংলাদেশের ২য় সমাবর্তনে এ হুমকি দেন। রাজধানীর বসুন্ধরায় আয়োজিত এ সমাবর্তনে বিশ্ববিদ্যালয়টির চ্যান্সেলর রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে সভাপতিত্বকালে শিক্ষামন্ত্রী এ মন্তব্য করেন।

দেশের উন্নয়নে পর্যাপ্ত সংখ্যক জ্ঞান ও প্রযুক্তি দক্ষ প্রকৃত উচ্চশিক্ষিত নাগরিক গড়ে তুলতে নিবেদিতপ্রাণে কাজ করার জন্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রতি আহ্বান জানান শিক্ষামন্ত্রী।

তিনি আরও বলেন, 'ততদিন দেশ উন্নত হবে না যতদিন পর্যন্ত দেশ পরিচালনার জন্য, দেশের অর্থনীতির হাল ধরার জন্য পর্যাপ্ত সংখ্যক জ্ঞান ও প্রযুক্তিতে দক্ষ উচ্চশিক্ষিত নাগরিক আমরা সৃষ্টি করতে না পারব।'

নুরুল ইসলাম নাহিদ ২০২১ সাল নাগাদ বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত এবং ২০৪১ সাল নাগাদ উন্নত দেশ হিসেবে প্রতিষ্ঠায় সরকারের দৃঢ় অঙ্গীকারের কথা উল্লেখ করে বলেন, 'দারিদ্র্য দূরীকরণ এখনও আমাদের একটি বড় চ্যালেঞ্জ। ব্যবস্থা : পৃষ্ঠা : ২ ক : ৪

## প্রাথমিক : শিক্ষা

(১৬ পৃষ্ঠার পর)

করেছে। তারা বলেন, ১৯৫৭ সালের ৫ জুন আন্তর্জাতিক শ্রম সংস্থার ৪০তম অধিবেশনে ১০৭নং কনভেনশনের অনুচ্ছেদ ২৩ (১) এ বলা হয়েছে 'সংশ্লিষ্ট জনগোষ্ঠীর ছেলে-মেয়েদের তাদের মাতৃভাষায় পড়তে ও লিখতে শিক্ষাদান করতে হবে'। তাছাড়া বাংলাদেশ সরকার স্বাক্ষরিত আন্তর্জাতিক শিশু সনদের ৩০নং ধারায় আছে, 'দেশে জাতিগোষ্ঠীগত, ধর্মীয় কিংবা ভাষাগত সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত বা আদিবাসী শিশুকে সমাজে তার নিজস্ব সংস্কৃতি ধারণ, নিজস্ব ধর্মের কথা ব্যক্ত করা ও চর্চা করা ইত্যাদি থেকে বঞ্চিত করা যাবে না'। তাই আদিবাসী জাতিসমূহের বিকাশের ক্ষেত্রে দেশের শিক্ষা ব্যবস্থায় তাদের পারিপার্শ্বিক অবস্থান, চেতনা ও মূল্যবোধের সাথে মূলধারার জাতীয় অবস্থান, চেতনা ও মূল্যবোধের সমন্বয় সাধন করা আজ সময়ের দাবি। এজন্য আদিবাসীদের শিক্ষার অধিকার নিশ্চিত করতে অবিলম্বে মাতৃভাষায় প্রাথমিক শিক্ষা চালু করার দাবি জানান আদিবাসী ছাত্ররা।